অতি জরুরি
নির্বাচন অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০২০.০০৯.০৭৭.১৭-৩৯২

তারিখঃ ১৬-০৭-২০১৯ খ্রিঃ

## প্রজ্ঞাপন

নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুসারে নারায়ণগঞ্জ জেলার কাঞ্চন পৌরসভার সাধারণ নির্বাচন আগামী ২৫ জুলাই ২০১৯ তারিখ অনুষ্ঠিত হবে। এ প্রেক্ষিতে ১৯৮৩ সালের মোটর ভেহিক্যাল্স অধ্যাদেশ (১৯৮৩ সালের ৫৫ নম্বর অধ্যাদেশ)-এর ৮৮ ধারা অনুযায়ী পৌরসভার নারায়ণগঞ্জ জেলার কাঞ্চন পৌরসভার সাধারণ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ২৪ জুলাই, ২০১৯ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ২৫ জুলাই ২০১৯ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবেঃ

| | | |
|---|---|---|
| (১) বেবী ট্যাক্সি/অটোরিক্সা/ইজি বাইক | (৫) পিক আপ | (৯) টেম্পো |
| (২) ট্যাক্সি ক্যাব | (৬) কার | (১০) ইজিবাইক এবং স্থানীয় পর্যায়ের বিভিন্ন যন্ত্রচালিত যানবাহন |
| (৩) মাইক্রোবাস | (৭) বাস | |
| (৪) জীপ | (৮) ট্রাক | |

২। এছাড়া, ২৩ জুলাই ২০১৯ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ২৬ জুলাই ২০১৯ তারিখ মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে।

৩। এ নিষেধাজ্ঞা সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনী এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরী কাজে যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এছাড়া, জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরী পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরী প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিল করতে পারবেন।

৪। বর্ণিতাবস্থায়, উল্লিখিত যানবাহনসমূহ চলাচলের উপর উপর্যুক্ত সময়সূচি অনুযায়ী নিষেধাজ্ঞা আরোপের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক/সংশ্লিষ্ট অন্যান্য কর্তৃপক্ষকে এতদ্বারা ক্ষমতা অর্পণ করা হল।

৫। এ নিষেধাজ্ঞা যথাযথভাবে বলবৎ করার জন্য এবং প্রয়োজনবোধে জনসাধারণের অবগতির জন্য ট্রাফিক সাইন প্রদর্শনের নিমিত্ত স্বরাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৬। তথ্য মন্ত্রণালয় এবং প্রয়োজনে স্থানীয় কর্তৃপক্ষ এ নিষেধাজ্ঞা সম্পর্কে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৬/০৭/১৯

(মোঃ লিয়াকত আলী)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৬৯

অপর পাতায় দ্রষ্টব্য

**বিতরণঃ** (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সচিব, ...............................................(সংশ্লিষ্ট) কার্যালয়/মন্ত্রণালয়/বিভাগ।
৪। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৫। মহাপুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
৬। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাস্ট্র মন্ত্রণালয় (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৭। সচিব ...............................................(সংশ্লিষ্ট) কার্যালয়/মন্ত্রণালয়/বিভাগ।
৮। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা ইহার সহিত তাঁর ০৯-০৭-২০১৯ তারিখের নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.১৯-৩১৬ সংখ্যক স্মারকের যোগসূত্র রয়েছে)।
৯। মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)/আনসার ও ভিডিপি/কোস্টগার্ড, ঢাকা।
১০। মহাপরিচালক, র‌্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ন (র‌্যাব), র‌্যাব হেডকোয়াটার, কুর্মিটোলা, ঢাকা।
১১। চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, নতুন এয়ারপোর্ট রোড, বনানী, ঢাকা (দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১২। বিভাগীয় কমিশনার, ..........................................(সংশ্লিষ্ট)।
১৩। উপ-মহাপুলিশ পরিদর্শক, ..........................................( সংশ্লিষ্ট রেঞ্জ)।
১৪। জেলা প্রশাসক, ......................................................(সংশ্লিষ্ট)।
১৫। পুলিশ সুপার, ........................................................( সংশ্লিষ্ট)।
১৬। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, .......................................(সংশ্লিষ্ট)।
১৭। পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
১৮। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটে প্রকাশকরতঃ গেজেটের ৩০০ (তিনশত) কপি জরুরি ভিত্তিতে প্রেরণের জন্য অনুরোধ করা হল।)
১৯। উপজেলা নির্বাহী অফিসার ...................................... (সংশ্লিষ্ট)।
২০। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার,..................................(সংশ্লিষ্ট)।
২১। একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২২। জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি,...............................(সংশ্লিষ্ট)।
২৩। জেলা তথ্য অফিসার, ..................................................( সংশ্লিষ্ট)।
২৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রজ্ঞাপনটি সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

১৬/০৭/১৯

(মোঃ লিয়াকত আলী)
সহকারী সচিব

| |
|---|
| নির্বাচন অগ্রাধিকার |
| অতীব জরুরি |

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.১৯-৩১৬

তারিখ: ২৫ আষাঢ় ১৪২৬ / ০৯ জুলাই ২০১৯

বিষয় : **নারায়ণগঞ্জ জেলার কাঞ্চন পৌরসভার সাধারণ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে কতিপয় যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিগত সময়ে অনুষ্ঠিত পৌরসভা নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে বিশেষ কয়েকটি যানবাহন যথা-মোটর সাইকেল, বেবী ট্যাক্সি, মাইক্রোবাস, জিপ ও পিক আপ ইত্যাদি চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছিল। একইভাবে **২৫ জুলাই ২০১৯** তারিখে অনুষ্ঠিতব্য নারায়ণগঞ্জ জেলার কাঞ্চন পৌরসভার সাধারণ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ **২৪ জুলাই ২০১৯** তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে **২৫ জুলাই ২০১৯** তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

| | | |
|---|---|---|
| (১) বেবী ট্যাক্সি/অটোরিক্সা/ইজি বাইক | (৫) পিক আপ | (৯) টেম্পো |
| (২) ট্যাক্সি ক্যাব | (৬) কার | (১০) ইজিবাইক এবং স্থানীয় পর্যায়ের বিভিন্ন যন্ত্রচালিত যানবাহন |
| (৩) মাইক্রোবাস | (৭) বাস | |
| (৪) জীপ | (৮) ট্রাক | |

২। সে সাথে **২৩ জুলাই ২০১৯** তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে **২৬ জুলাই ২০১৯** তারিখ মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা বলবৎ থাকবে।

৩। উপরোল্লিখিত নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনি এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এতদ্ব্যতীত জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহন করতে পারবেন।

৪। বর্ণিতাবস্থায়, উক্ত পৌরসভার সাধারণ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ **২৪ জুলাই ২০১৯** তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে **২৫ জুলাই ২০১৯** তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত উল্লিখিত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ এবং সেই সাথে **২৩ জুলাই ২০১৯** তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে **২৬ জুলাই ২০১৯** তারিখ মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার লক্ষ্যে **সংশ্লিষ্ট জেলা প্রশাসক/অন্যান্য কর্তৃপক্ষ**-কে ক্ষমতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৯/৭/১৯


( মোঃ আতিয়ার রহমান )
উপসচিব (নির্বাচন পরিচালনা-২)
ফোন: ০২-৫৫০০৭৫২৮
E-mail: sasemc1@gmail.com


সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
[দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, বিআরটিএ সংস্থাপন অধিশাখা]

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.১৯-৩১৬

তারিখ: ২৫ আষাঢ় ১৪২৬ / ০৯ জুলাই ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, .............................................................. (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৪. সচিব, .............................................................. (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৫. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৬. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৭. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, ঢাকা
৯. উপমহাপুলিশ পরিদর্শক, ঢাকা রেঞ্জ
১০. যুগ্মসচিব (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১২. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৪. জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ
১৫. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল
১৬. পুলিশ সুপার, নারায়ণগঞ্জ
১৭. জেলা নির্বাচন অফিসার, নারায়ণগঞ্জ ও রিটার্নিং অফিসার
১৮. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, নারায়ণগঞ্জ
১৯. উপজেলা নির্বাহী অফিসার, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ
২০. জেলা তথ্য অফিসার, নারায়ণগঞ্জ
২১. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
২২. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ........................................................ এর একান্ত সচিব নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
২৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. উপজেলা নির্বাচন অফিসার, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ ও সহকারী রিটার্নিং অফিসার
২৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, রূপগঞ্জ থানা, নারায়ণগঞ্জ।

/

(মোহাম্মদ মোরশেদ আলম)
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা
ফোন: ৫৫০০৭৬১০, ফ্যাক্স : ৫৫০০৭৫৫৮